

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬৪৩

তেলিয়ামুড়া, ২৯ অক্টোবর, ২০২৪

কল্যাণপুর পঞ্চায়েত সমিতির শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা

কল্যাণপুর পঞ্চায়েত সমিতির শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির এক সভা আজ অনুষ্ঠিত হয়। পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি হরেন্দ্র সরকার। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সৌমেন গোপ, ভাইস চেয়ারম্যান স্বপ্না সরকার দাস, ব্লকের বিডিও হিমেন্দু বিশ্বাস পাল, স্থায়ী কমিটির সদস্য সদস্যগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় শিক্ষা, স্বাস্থ্য, সুসংহত নিবিড় শিশু উন্নয়ন প্রকল্প, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক বিভিন্ন কর্মসূচি নিয়ে পর্যালোচনা করা হয়। সভায় জানানো হয়, আইসিডিএস কল্যাণপুর প্রকল্পের অধীনে ৩৩টি সামাজিক ভাতা প্রকল্পে ব্লক এলাকার ৬,৮৩৬ জন সামাজিক ভাতা পাচ্ছেন। সভায় তেলিয়ামুড়া মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের আধিকারিক জানান, আগামী নভেম্বর মাসে তেলিয়ামুড়া মহকুমায় রাজ্যভিত্তিক ধামাইল উৎসবের আয়োজন করা হবে।
